# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 25-08-2026 Time: 1.30 P.M.**

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ভারতের ডিজিটাল পেমেন্ট যাত্রায় ইউ পি আই লেনদেন একটি মাইল ফোলাক। ২০১৬ সালে চালু হওয়ার পর থেকে এই লেনদেনের পরিমাণ প্রায় ১৩ হাজার গুণ বৃদ্ধি পেয়েছে।

২। চীন সফররত জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল আজ সে দেশের বিদেশমন্ত্রী ওয়াং ই-র সঙ্গে দুদেশের সীমান্ত সংক্রান্ত বিষয়ে বিশেষ প্রতিনিধি পর্যায়ের ২৫-তম বৈঠকে অংশ নিচ্ছেন।

# এর আগে শ্রী ডোভাল চিনা উপরাষ্ট্রপতি হান ঝেং-এর সঙ্গে সাক্ষাৎ করেন।

৩। সরকার আটা ও অন্যান্য গম জাত পণ্য রপ্তানির ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিয়েছে।

৪। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ কানাডা ও মার্কিণ যুক্তরাষ্ট্র সফর শুরু করছেন।

৫। ভারতের বিরুদ্ধে দ্বিতীয় ক্রিকেট টেস্টের তৃতীয় দিনে শ্রীলঙ্কা ব্যাট করছে।

oooooooooooooooooooooo

ডিজিটাল পেমেন্ট ব্যবস্থায় আমূল পরিবর্তন আনার ক্ষেত্রে ইউনিফাইড পেমেন্টস ইন্টারফেস- ইউ পি আই ব্যবস্থার দশ বছর পূর্ণ করেছে ভারত। ২০১৬ সালের ২৫শে আগস্ট চালু হওয়া ইউ পি আই এর মাধ্যমে লেনদেনের পরিমাণ প্রায় ১৩ হাজার গুণ বৃদ্ধি পেয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইউ পি আই এর এক দশকের সফল পরিষেবার প্রশংসা করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি ভারতের ডিজিটাল পেমেন্ট যাত্রায় UPI কে একটি বড় মাইলফলক হিসেবে অভিহিত করেছেন। দেশবাসীকে তাদের UPI

সংক্রান্ত অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, UPI-এর বিশাল ব্যাপ্তি ও প্রসার এমন একটি বিষয় যা নিয়ে প্রত্যেক ভারতীয়র গর্ব করা উচিত।

UPI এর কার্যক্রমের দশ বছর পূর্তি তে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, এর প্রশংসা করেছেন। সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় তিনি উল্লেখ করেন যে, উদ্ভাবনের মাধ্যমে ভারতের রূপান্তরের যে লক্ষ্য প্রধানমন্ত্রী মোদী নির্ধারণ করেছেন, UPI তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত। বিশ্বের বৃহত্তম রিয়েল-টাইম পেমেন্ট ব্যবস্থা হিসেবে UPI-কে অভিহিত করে তিনি বলেন, ডিজিটাল ইন্ডিয়ার উদ্যোগের ফলেই মানুষ দ্রুত, নিরবচ্ছিন্ন ও নিরাপদ লেনদেনের এই সুবিধা পেয়েছে।

অর্থ মন্ত্রক জানিয়েছে যে, বার্ষিক লেনদেনের পরিমাণ ২০১৬-১৭ সালের ১ দশমিক ৭/৮ কোটি বেড়ে ২০২৫-২৬ সালে ২৪ হাজার ১৬২ কোটিরও বেশিতে পৌঁছেছে। একই সময়ে লেনদেনের মূল্যমানও সাত হাজার কোটি থেকে বেড়ে প্রায় ৩১৪ লক্ষ কোটিতে পৌঁছেছে।

মন্ত্রক আরও জানিয়েছে যে, ইউ পি আই ব্যবস্থা এখন সীমান্ত পেরিয়ে আন্তর্জাতিক ডিজিটাল প্ল্যাটফর্ম হিসেবেও আত্মপ্রকাশ করেছে এবং বর্তমানে ১১টি দেশে এই ব্যবস্থা চালু রয়েছে। দেশগুলো হলো, সংযুক্ত আরব আমিরশাহী, ফ্রান্স, ভুটান, শ্রীলঙ্কা, নেপাল, সিঙ্গাপুর, মরিশাস, কাতার, কম্বোডিয়া, গ্রিস এবং মালদ্বীপ।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন, ভারতের ডিজিটাল সংযোগের যাত্রা কেবল মানুষকে যুক্ত করার মাধ্যমেই স্থির হবে না, বরং নেটওয়ার্কগুলি যাতে বিশ্বস্ত, নিরাপদ ও স্থিতিস্থাপক হয় তা নিশ্চিত করতে হবে।

নতুন দিল্লিতে আজ 'সেন্টার ফর ডেভেলপমেন্ট অব টেলিমেটিক্স' (C-DOT)-এর ৪৩তম প্রতিষ্ঠা দিবসে শ্রী সিন্ধিয়া দেশের টেলিযোগাযোগ ক্ষেত্রে রূপান্তরে C-DOT-এর গুরুত্বপূর্ণ ভূমিকার প্রশংসা করেন।

পাশাপাশি, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), সাইবার-নিরাপত্তা এবং দুর্যোগ-সহনশীল যোগাযোগ নেটওয়ার্কে C-DOT-এর বিভিন্ন উদ্ভাবনীমূলক কাজের কথা তুলে ধরেন তিনি।

BYTE- JYOTIRADITYA SCINDIA

oooooooooooooooooooooo

ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল আজ চীনের উপরাষ্ট্রপতি হান ঝেং-এর সঙ্গে সাক্ষাৎ করেছেন। বেইজিং-এ অবস্থিত ভারতীয় দূতাবাস সামাজিক মাধ্যমের এক পোস্টে জানিয়েছে যে, বিশেষ প্রতিনিধিদের আলোচনার ২৫তম পর্বের আগে উভয় পক্ষ সীমান্ত এলাকায় শান্তি ও স্থিতিশীলতা জোরদার করার উপায় নিয়ে তাঁরা আলোচনা করেছেন। এছাড়া, দুই দেশের নেতাদের মধ্যে হওয়া ঐকমত্যের ভিত্তিতে অর্থনৈতিক, রাজনৈতিক ও বহুপাক্ষিক ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও উন্নত করার বিষয়েও তাঁরা আলোচনা করেছেন।

oooooooooooooooooooooo

চীন সফররত জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত দোভাল আজ সেদেশের বিদেশ মন্ত্রী ওয়াং ই-র সঙ্গে দু'দেশের সীমান্ত সংক্রান্ত বিষয়ে বিশেষ প্রতিনিধি পর্যায়ের ২৫-তম বৈঠকে অংশ নিচ্ছেন।

২০০৩ সালে ভারত ও চীনের সীমান্ত সমস্যা নিয়ে আলোচনার জন্য গৃহীত বিশেষ ব্যবস্থাপনার অঙ্গ হিসেবে অজিত দোভাল ও ওয়াং ই, ৩'হাজার ৪০০ কিলোমিটার দীর্ঘ ভারত চীন সীমান্ত সমস্যা নিরসনে আলাপ আলোচনা চালাবেন। ২০২০ সালে গালওয়ান উপত্যকায় সংঘর্ষ এবং পূর্ব লাদাখে দীর্ঘ দিনের সামরিক অচলাবস্থার প্রেক্ষিতে নতুন দিল্লি ও পেইচিং-এর মধ্যে সম্পর্কের টানাপড়েন শুরু হয়। তবে সম্পর্ক স্থিতিশীল করতে উভয় পক্ষই বিভিন্ন ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করে।

উল্লেখ্য, পেইচিং-এ বিশেষ প্রতিনিধি পর্যায়ের বৈঠকের আগে বিদেশ মন্ত্রী ডক্টর সুব্রমণিয়ম জয়শঙ্কর'ও জোর দিয়ে বলেন, চীনের সঙ্গে সুসম্পর্ক স্থাপনের ক্ষেত্রে সীমান্ত এলাকায় শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখা অত্যন্ত জরুরী।

শ্রী দোভাল তাঁর সফরকালে চীনের ভাইস প্রেসিডেন্ট হ্যাং ঝেং –এর সঙ্গেও সাক্ষাৎ করবেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিরক্ষা উৎপাদন বিভাগের সচিব সঞ্জীব কুমার বলেছেন যে, ভারতের প্রতিরক্ষা উৎপাদনে এক ঐতিহাসিক পরিবর্তন ঘটেছে। ২০১৩-১৪ অর্থবছরে প্রতিরক্ষা উৎপাদনের মূল্য ছিল ৪৩ হাজার কোটি টাকা, সেখানে ২০২৫-২৬ অর্থবছরে রেকর্ড পরিমাণ বৃদ্ধি পেয়ে ১ দশমিক ৭/৮ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে।

নতুন দিল্লিতে আয়োজিত অ্যারোস্পেস অ্যান্ড ডিফেন্স ম্যানুফ্যাকচারিং বিষয়ক জাতীয় সম্মেলনে বক্তব্য রাখার সময় শ্রী কুমার দেশের অভ্যন্তরীণ উৎপাদন ব্যবস্থার দ্রুত অগ্রগতির ওপর আলোকপাত করেন এবং উদ্যোক্তা ও শিল্প সংশ্লিষ্টদের মৌলিক গবেষণা ও উন্নয়নে ব্যাপক বিনিয়োগের আহ্বান জানান। তিনি আরও বলেন, যারা মৌলিক উদ্ভাবনের কঠিন পথটি বেছে নেন, তারাই প্রকৃত বিজয়ী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকার, আটা ও অন্যান্য গমজাত পণ্য রপ্তানির ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিয়েছে। এর ফলে আটা, ময়দা, সুজি এবং অন্যান্য গমজাত পণ্য বিদেশে রপ্তানির পথ প্রশস্ত হলো। বৈদেশিক বাণিজ্য মহানির্দেশালয় ডিজিএফটি-র জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গমের আটা ও সংশ্লিষ্ট পণ্যগুলির পরিবর্তিত রপ্তানি নীতি অবিলম্বে কার্যকর হয়েছে।

এদিকে, অপর একটি বিজ্ঞপ্তিতে ডিজিএফটি জানিয়েছে, নির্দিষ্ট কিছু প্রজাতির গম এবং ডুরাম গমের রপ্তানি নীতিও পরিবর্তন করা হয়েছে। এর আগে যেসব পণ্যের রপ্তানির ওপর নিষেধাজ্ঞা ছিল তা প্রত্যাহার করে নেওয়া হচ্ছে। এর ফলে ঐ সব পণ্যগুলির রপ্তানীতে আর কোনো বাধা রইল না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সংসদে বারবার অচলাবস্থা সৃষ্টির জন্য বিরোধী দলগুলোর সমালোচনা করেছেন কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু। তিনি বলেন যে, দেশের সংবিধান, বিরোধী

দলগুলোকে প্রশ্ন করা, প্রতিবাদ জানানো ও ভোট দেওয়ার অধিকার দিলেও, সংসদ অচল করে দেওয়ার মতো পরিস্থিতি তৈরি করার অনুমতি দেয় না। যার মাধ্যমে রাজনৈতিক দাবি পূরণ না হলেই তারা সংসদের কার্যক্রম বন্ধ করে দিতে পারে। আজ একটি ইংরেজি দৈনিকে প্রকাশিত নিবন্ধে শ্রী রিজিজু বলেন, সংসদ ভারতের জনগণের সম্পত্তি, কোনো রাজনৈতিক দলের নয়। তিনি সরকারের পক্ষ থেকে গঠনমূলক আলোচনার আন্তরিক প্রস্তাব প্রত্যাখ্যান করার জন্য বিরোধী নেতাদের অভিযুক্ত করার পাশাপাশি গুরুত্বপূর্ণ আইন প্রণয়ন সংক্রান্ত আলোচনার মতো সরকারি উদ্যোগগুলোর কথাও তুলে ধরেন।

ooooooooooooooooooooooo

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ কানাডা ও মার্কিন যুক্তরাষ্ট্র সফর শুরু করছেন। অর্থমন্ত্রক জানিয়েছে, সফরকালে অর্থনৈতিক ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং অংশীদারীত্ব জোরদার করা, বিনিয়োগ সংক্রান্ত সুযোগ আরো বাড়ানো এবং অভিন্ন আন্তর্জাতিক অর্থনৈতিক অগ্রাধিকারের ক্ষেত্রে সহযোগিতা এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে আলোচনা হবে।

শ্রীমতি সীতারামন টরোন্টোয়, কানাডার বিদেশমন্ত্রী ফ্র্যাঙ্কোস ফিলিপ শ্যাম্পেনের সঙ্গে ইকোনমিক অ্যান্ড ফিনান্সিয়াল ডায়ালগের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেবেন। অতিক্ষুদ্র অর্থনীতির বিকাশ, আর্থিক সহযোগিতা এবং দ্বিপাক্ষিক বিনিয়োগ নিয়ে ঐ অনুষ্ঠানে আলোচনা হবে। এর পাশাপাশি একাধিক কোম্পানীর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক, নির্দেশক ও বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে এক গোলটেবিল বৈঠকে যোগ দেবেন তিনি। ব্যাঙ্ক ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির প্রতিনিধিদের সঙ্গেও তাঁর বিভিন্ন কর্মসূচী রয়েছে।
সফরের দ্বিতীয় পর্বে শ্রীমতি সীতারামন শিকাগো, অ্যাশভিল এবং নিউ ইয়র্ক যাবেন। সেখানেও তিনি একগুচ্ছ কর্মসূচীতে যোগ দেবেন।

ooooooooooooooooooooooo

বিদেশ মন্ত্রকের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা আগামীকাল থেকে আগামী মাসের ২ তারিখ পর্যন্ত ভিয়েতনাম, লাও-পিডিআর এবং পালাউ সফরে যাচ্ছেন। ভিয়েতনামে তিনি সরকারের শীর্ষ নেতৃত্বের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা করবেন এবং ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে মতবিনিময় করবেন। লাও-পিডিআরে তিনি ঐতিহাসিক সম্পর্ক ও উন্নয়নের অংশীদারিত্ব নিয়ে আলোচনা করবেন এবং যৌথ ঐতিহ্য সংরক্ষণ সংক্রান্ত প্রকল্পগুলির অগ্রগতি পর্যালোচনা করবেন।

পালাউ সফরে তিনি ৫৫তম প্যাসিফিক আইল্যান্ডস ফোরামের নেতৃবৃন্দের বৈঠকে অংশ নেবেন এবং পালাউয়ের নেতৃত্বের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠক করবেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে, এই সফর ভারতের জন্য প্যাসিফিক আইল্যান্ডস ফোরাম ও সদস্য দেশগুলির সঙ্গে সম্পর্ক আরও গভীর করার সুযোগ এনে দেবে।

oooooooooooooooooooooooo

ভারতীয় জনতা পার্টি, পাঞ্জাবে আসন্ন বিধানসভা নির্বাচনে **১১৭** টি আসনের সব ক'টিতেই প্রতিদ্বন্দ্বিতা করবে। পাটিয়ালায় গতকাল প্রথম আঞ্চলিক বৈঠকে বিজেপির সাংগঠনিক সাধারণ সম্পাদক বি এল সন্তোষ একথা জানান। তিনি বলেন, নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে পাঞ্জাবে নতুন সরকার গঠনের জন্য বিজেপি সবরকমভাবে প্রস্তুত। উল্লেখ্য, দুদিনের পাঞ্জাব সফরে শ্রী সন্তোষ গতকাল দলের সাংগঠনিক কাজকর্ম এবং তৃণমূল স্তরে নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখেন। আজ'ও তার দলের কর্মকর্তা ও নেতৃবৃন্দের সঙ্গে দফায় দফায় বৈঠকে মিলিত হওয়ার কথা। পাঞ্জাবে আগামী বছরের গোড়ায় বিধানসভা নির্বাচন হওয়ার কথা।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, *রবিবার৩০ শে আগস্ট ,* আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।*

oooooooooooooooooooooo

কলম্বোয় ভারত ও শ্রীলঙ্কার মধ্যে দ্বিতীয় ক্রিকেট টেস্টের তৃতীয় দিনে শেষ পাওয়া খবরে শ্রীলঙ্কা ৫ উইকেটে ১৪৫ রান করেছে। পাসিন্দু সুপিয়াবান্দারা অর্ধ শতরান করেছেন। এর আগে বৃষ্টির কারণে খেলা কিছুক্ষণ বন্ধ থাকে।

ভারত প্রথম ইনিংসে ৯ উইকেটে ৫০৩ রান করে। দেবদত্ত পাডিকল এবং ধ্রুব জুরেল শতরান করেন।

ooooooooooooooooooooooo

oooooooooooooooooooooo